যুগান্তর

তারিখ 18 JAN 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

# সাউথইস্ট ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তন অনুষ্ঠিত




সাউথইস্ট ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদসহ অন্য অতিথিরা

যুগান্তর রিপোর্ট

সাউথইস্ট ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তন অনুষ্ঠান শনিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। এতে রাষ্ট্রপতির পক্ষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শিক্ষার্থীদের ডিগ্রি অর্পণ করেন। সমাবর্তন বক্তব্য দেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি, ওআইসি) এবং আহছানুল্লা ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলোজির সাবেক ভিসি প্রফেসর ড. এম. আনোয়ার হোসেন। সমাবর্তনে সাউথইস্ট ইউনিভার্সিটির সব মিলিয়ে ১ হাজার ৭৯ জন গ্রাজুয়েট শিক্ষার্থী ডিগ্রি গ্রহণ করেন। স্কুল অব বিজনেস স্টাডিজের বিবিএ শিক্ষার্থী মো. আমিনুর রহমান তূর্য এবং স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ইটিই বিভাগের শিক্ষার্থী মো. আসাদুজ্জামান রুবেল মণ্ডল যথাক্রমে ২০১১ ও ২০১২ শিক্ষাবর্ষের জন্যে চ্যান্সেলর স্বর্ণপদক অর্জন করেন।

সর্বোচ্চ সিজিপিএ'র ভিত্তিতে স্নাতক পর্যায়ে স্কুল অব বিজনেস স্টাডিজের ৬ জন, স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ৬ জন এবং স্কুল অব আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সের ৬ জন এবং স্নাতকোত্তর পর্যায়ে স্কুল অব বিজনেস স্টাডিজের ২ জন এবং স্কুল অব আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সের ২ জন শিক্ষার্থী ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক অর্জন করেন। ডিগ্রি অর্জনকারী

অনুষ্ঠিত : পৃষ্ঠা ৭ : কলাম ৪

## অনুষ্ঠিত : সমাবর্তন

(৩য় পৃষ্ঠার পর)

শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভাইস চ্যান্সেলর স্বর্ণপদকপ্রাপ্ত ইংরেজি বিভাগের ছাত্রী নাজমুস সাকিব বিদায়ী বক্তব্য প্রদান করেন। সমাবর্তন অনুষ্ঠানে আরও বক্তব্য দেন— ট্রাস্টের চেয়ারম্যান মো. রেজাউল করিম, ভিসি অধ্যাপক ড. আনোয়ার হোসেন। রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মো. আনোয়ারুল ইসলাম সমাবর্তন অনুষ্ঠান পরিচালনা করেন। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, শিক্ষক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি, উচ্চপদস্থ সরকারি ও বেসরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন।